



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**  
 ৩৭/৩/এ, ইক্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।  
[wwwccb.gov.bd](http://wwwccb.gov.bd)



১৬ আগস্ট ২০২২  
 তারিখঃ  
 ০১ শ্রাবণ ১৪২৯

### প্রেস রিলিজ

১৬ আগস্ট ২০২২ (মঙ্গলবার) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত “ব্যবসা বাণিজ্য সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা” শীর্ষক রংপুর বিভাগীয় সেমিনার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, রংপুর এ অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত করেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব টিপু মুনশি, এমপি, মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়। এছাড়াও, সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সাবিরুল ইসলাম, বিভাগীয় কমিশনার, রংপুর, জনাব মোঃ আবদুল আলীম মাহমুদ, বিপিএম, ডিআইজি, রংপুর, জনাব নুরে আলম মিনা, বিপিএম (বার) পিপিএম, পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এবং জনাব মোঃ আসিব আহসান, জেলা প্রশাসক রংপুর। এছাড়াও বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি.এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগমসহ কমিশনের কর্মকর্তাবৃন্দ, রংপুর বিভাগের অন্তর্গত জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসকগণ, রংপুর বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তা, জনপ্রতিনিধি, চেম্বার প্রতিনিধি, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ সেমিনারে উপস্থিত ছিলেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি.এম.সালেহ উদ্দিন। মূল প্রবন্ধ উপস্থাপনের পর আমন্ত্রিত অংশগ্রহণকারীগণ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। সেমিনারের প্রধান অতিথি বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি, দেশের বিভিন্ন পণ্য ও সেবার বাজারকে প্রতিযোগিতাপূর্ণ করার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন দ্রব্যাদিত ও টেকসই করার জন্য বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, স্থানীয় সরকার প্রতিনিধি, চেম্বার প্রতিনিধি, বিশিষ্ট ব্যবসায়ী ও সংবাদিকসহ সকলের প্রতি আহবান জানান। তিনি বাজারের নিত্য প্রয়োজনীয় পণ্যের অযৌক্তিক মূল্য নির্ধারন না করার জন্যও সংশ্লিষ্ট ব্যবসায়ীদের প্রতি নির্দেশনা প্রদান করেন।

মাননীয় মন্ত্রী মাঠপর্যায়ে কমিশনের কার্যক্রম ব্যাপকভাবে প্রচার এবং জেলা ও উপজেলা পর্যায়ে অবহিতকরণ কার্যক্রম জোরদার করার জন্য কমিশনকে পরামর্শ প্রদান করেন। তিনি ক্ষুদ্র ও মাঝারী শিল্প উদ্যোক্তাগণ যেন প্রতিযোগিতায় টিকে থাকতে পারে এজন্য বড় বড় ব্যবসায়ী ও শিল্প প্রতিষ্ঠানসমূহকে যথাযথ ভূমিকা পালনের জন্য অনুরোধ করেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে উন্মুক্ত আলোচনায় সেমিনারের বিশেষ অতিথি বৃন্দ এবং আমন্ত্রিত অংশগ্রহণকারীগণ মাঠ পর্যায়ে কমিশনের সচেতনতামূলক কার্যক্রম আরো বাড়ানোর জন্য পরামর্শ প্রদান করেন এবং কমিশনকে সকল প্রকার সহযোগিতার আশ্বাস প্রদান করেন। বিভিন্ন জেলার চেষ্টার প্রতিনিধিগণ যথাসময়ে সরকারী প্রগোদনার অর্থ না পাওয়া এবং ব্যাংক খণ্ড প্রাপ্তিতে নানা প্রতিবন্ধকর্তার বিষয় তুলে ধরেন।

গণমাধ্যম কর্মীগণ বাজারে প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ডের সংবাদসমূহ বিভিন্ন গণমাধ্যমে আরো বেশি প্রচারের জন্য আহবান জানিয়ে এক্ষেত্রে তাঁদের সার্বিক সহযোগিতার বিষয়টি পুনর্ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম বাজারকে প্রতিযোগিতামূলক করতে কমিশনের নেয়া বিভিন্ন কর্মকাণ্ড বিষয়ে অবহিত করে মাঠ পর্যায় থেকে সার্বিক সহযোগিতার আহবান জানান।

স্বাক্ষরিত  
MD. Rehman

(মোঃ আরিফুর রহমান)

সহকারী প্রোগ্রামার এবং জনসংযোগ কর্মকর্তা

মোবাইল নম্বর: +৮৮০১৮৩০১৮১৩৪১

ই-মেইল: ap@ccb.gov.bd